

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৭

১. পবিত্রতা (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ১৪. নিয়ত বা অভিপ্রায়

بَابُ النِّيَّةِ

আরবী

نَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ الْقَاضِي ، نَا يُوسُفُ بْنُ مُوسَى ، نَا يَزِيدُ بْنُ هَارُونَ وَجَعْفَرُ بْنُ عَوْنٍ _ وَاللَّفْظُ لِيَزِيدَ _ ، نَا يَحْيَى بْنُ سَعِيدٍ ؛ أَنَّ مُحَمَّدَ بْنَ إِبْرَاهِيمَ أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ عَمْرَ بْنَ الْخَطَّابِ وَهُوَ يَقُولُ : سَمِعْتُ رَسُولَ اللَّهِ _ عَلْقَمَةَ بْنَ وَقَاصٍ يُحَدِّثُ أَنَّهُ سَمِعَ عُمْرَ بْنَ الْخَطَّابِ وَهُو يَقُولُ : سَمِعْتُ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يَقُولُ : " إِنَّمَا الْأَعْمَالُ بِالنِيَّةِ ، وَإِنَّمَا لِامْرِئٍ مَا نَوَى ، فَمَنْ كَانَتْ هِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ ، فَهِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ ، فَهِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ . وَمَنْ كَانَتْ هِجْرَتُهُ إِلَى دُنْيَا يُصِيبُهَا ، أو امْرَأَةٍ يَتَزَوَّجُهَا ، فَهِجْرَتُهُ إِلَى مَا هَاجَرَ إِلَيْهِ

বাংলা

১২৭(১). আল-হুসায়ন ইবন ইসমাঈল (রহঃ) ... উমর ইবনুল খাত্তাব (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ সমস্ত কাজের ফলাফল নিয়াতের উপর নির্ভরশীল। প্রত্যেক ব্যক্তির জন্য তাই রয়েছে যা সে নিয়াত করেছে। সুতরাং যে ব্যক্তি হিজরত করে আল্লাহ ও তাঁর রাসূলের উদ্দেশে, তার হিজরত আল্লাহ ও তাঁর রাসূলের উদ্দেশেই পরিগণিত হয়। আর যে ব্যক্তি হিজরত করে পার্থিব স্বার্থ লাভের উদ্দেশে অথবা কোন নারীকে বিবাহ করার উদ্দেশে, তার হিজরত সেই উদ্দেশেই গণ্য হবে যার জন্য সে হিজরত করেছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন